



আবুল বারকাত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক। দর্শন, নীতিশাস্ত্র, রাষ্ট্রবিজ্ঞান, রাজনীতি, ইতিহাস, অর্থশাস্ত্র, ধর্মশাস্ত্র, সমাজবিজ্ঞান, প্রকৃতিবিজ্ঞান যা কিছু প্রকৃতির অবিচ্ছেদ্য অংশ হিসেবে মানবসমাজ বিবর্তন সংশ্লিষ্ট অভিজ্ঞানে সহায়ক সে সবার বিচার-বিশ্লেষণ তার আগ্রহের কেন্দ্রবিন্দু। “গণমানুষের অর্থনীতিবিদ” খ্যাত সমাজ বিশ্লেষক ড. আবুল বারকাত গত ত্রিশ বছরে পাঁচ শ-এর বেশি গবেষণাগ্রন্থ, প্রবন্ধ, অভিসন্দর্ভ, রিপোর্ট, লোকবক্তৃতা রচনা করেছেন। এসবের মধ্যে মৌলিকত্বে অনন্য কয়েকটি বিষয় হলো: অর্থনীতির দুর্বৃত্তায়ন, রাজনীতির দুর্বৃত্তায়ন, রেন্ট সিকিং উদ্ভূত লুণ্ঠন ও পরজীবীবৃত্তির অর্থনীতি ও রাজনীতি, কালো টাকা, মৌলবাদ ও মৌলবাদী জঙ্গিতের রাজনৈতিক অর্থনীতি, উৎপাদন পদ্ধতি, খাসজমি-জলা, ভূমি মামলা, ভূমি আইন, নারীর ক্ষমতায়ন, আদিবাসী মানুষসহ প্রান্তিক জনগোষ্ঠী, শত্রু ও অপিত সম্পত্তি আইনের রাজনৈতিক অর্থনীতি, সচেতনায়নই উন্নয়ন, বিচারহীনতার সংস্কৃতি, মাদ্রাসা শিক্ষার রাজনৈতিক অর্থনীতি, বঙ্গবন্ধুর দর্শনভাবনা-সমতা- সাম্রাজ্যবাদ, শিশু দারিদ্র্য ও শিশু বঞ্চনা, অর্থনীতিশাস্ত্রে ‘দর্শনের দারিদ্র্য’, জনস্বাস্থ্য, জেনোমিক মেডিসিন, আর্সেনিকমুক্ত পানি, জ্বালানি ও বিদ্যুৎ, স্থানীয় শাসন ও বিকেন্দ্রায়নের রাজনীতি ও অর্থনীতি, সুশীল সমাজের রাজনৈতিক অর্থনীতি, বৈদেশিক ঋণ অনুদানের রাজনৈতিক অর্থনীতি, সাম্রাজ্যবাদ ও বিশ্বব্যবস্থা।



প্রিয় সুধী,  
শুভেচ্ছা নেন।

গণমানুষের অর্থনীতিবিদ অধ্যাপক ড. আবুল বারকাত রচিত

**“অর্থনীতিশাস্ত্রে দর্শনের দারিদ্র্য”** গ্রন্থের

প্রকাশনা অনুষ্ঠান বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী ১৯ আগস্ট ২০১৭ তারিখ শনিবার বিকাল ৪.০০টায় সিরডাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স হলে (১৭, তোপখানা রোড, ঢাকা) অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির প্রাক্তন সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ।

অনুষ্ঠানে অতিথি আলোচক হিসেবে উপস্থিত থাকবেন অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ, অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান, অধ্যাপক ড. আবু জাফর মোঃ সাফিউল আলম ভূইয়া, অধ্যাপক ড. শফিক উজ্জামান ও অধ্যাপক ড. তৌফিক আহমদ চৌধুরী।

উক্ত অনুষ্ঠানে আপনি সবাক্ষ আমন্ত্রিত।

বিনম্র শ্রদ্ধা ও শুভেচ্ছান্তে,

ড. জামালউদ্দিন আহমেদ এফসিএ

সাধারণ সম্পাদক

বাংলাদেশ অর্থনীতি সমিতি

প্রয়োজনে: ০১৮ ৩৩৩৩ ০০০০, ০১৭১৬ ৪১৮ ৫০০